গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, সিলেট
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.sylhet.gov.bd

**স্মারক নম্বর:** ০৫.৪৬.৯১০০.০০০.০১৪.৩৯.০০০২.২৩.৪৪৭

তারিখ: ৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **সিলেট কেন্দ্রীয় কারাগার-১, বাদাঘাট, সিলেট-এ হাজতী আসামী জসিম উদ্দিন-এর মৃত ভাইয়ের জানাযা ও দাফন-কাপনে উপস্থিত হবার জন্য প্যারোলে মুক্তি প্রসঙ্গে।**

সূত্র: জনাব মোঃ মোরশেদ মিয়া মিজান, এডভোকেট, জজকোর্ট, সিলেট কর্তৃক দাখিলকৃত আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব জসিম উদ্দিন, পিতা : মৃত মহিবুল, গ্রাম : পূর্ব গর্দনা, থানা : জৈন্তাপুর, জেলা : সিলেট জৈন্তাপুর জি.আর-৩৩/২০২৬, ধারা-৩৪২/৩০২/৩৪ মূলে বতর্মানে সিলেট কেন্দ্রীয় কারাগার-০১, বাদাঘাট, সিলেট-এ আটক আছেন। বর্ণিত বন্দির আপন বড় ভাই জনাব নিজাম উদ্দিন সৌদি আরবের জেদ্দায় গত ০৮.০৭.২০২৬ তারিখে মৃত্যুবরণ করেন এবং তার জানাযার নামাজ অদ্য ১৮.০৮.২০২৬ বেলা ০১:০০ ঘটিকায় জৈন্তাপুর উপজেলাধীন দরবস্ত ইউনিয়নের পূর্ব গর্দনা জামে মসজিদ প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। তাই মৃত আপন বড় ভাইয়ের জানাযা ও দাফন-কাপনে উপস্থিত হবার জন্য কারাগারে আটক জসিম উদ্দিন-এর প্যারোলে মুক্তি চেয়ে জনাব মোঃ মোরশেদ মিয়া (মিজান), এডভোকেট, জজকোর্ট, সিলেট-কর্তৃক এ কার্যালয়ে আবেদন দাখিল করেছেন।

০২। এমতাবস্থায়, বর্ণিত আসামীকে জৈন্তাপুর উপজেলাধীন দরবস্ত ইউনিয়নের পূর্ব গর্দনা জামে মসজিদ প্রাঙ্গনে মৃত ভাইয়ের জানাযার নামাজ ও দাফনকার্যে অংশগ্রহণের জন্য সার্বক্ষণিক পুলিশ প্রহরাধীনে দুপুর ০১:০০ ঘটিকা হতে বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত মোট ০৩ (তিন) ঘন্টার জন্য প্যারোলে মুক্তি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী প্যারোলে মুক্তি প্রদান করা হলো। দাফনকার্য শেষে আটক আসামী যথারীতি পুলিশ প্রহরাধীনে পুণরায় সিলেট কেন্দ্রীয় কারাগার-০১, বাদাঘাট, সিলেট-এ ফেরত আসবেন।

সংযুক্তি: বর্ণনামতে ০৯ (নয়) পাতা।

১৮-০৮-২০২৬
পিংকি সাহা
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
ফোন : ০২৯৯৬৬৩১৩৯০
ইমেইল : admsylhet@mopa.gov.bd

সিনিয়র জেল সুপার
সিলেট কেন্দ্রীয় কারাগার-০১, বাদাঘাট, সিলেট।

**স্মারক নম্বর:** ০৫.৪৬.৯১০০.০০০.০১৪.৩৯.০০০২.২৩.৪৪৭/১ (১)

তারিখ: ৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৮ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ।
২। পুলিশ সুপার, সিলেট (আপনার নিয়ন্ত্রণাধীণ এলাকায় প্যারোলে মুক্তিপ্রাপ্ত আসামীকে পুলিশ প্রহরায় আনা এবং পুণরায় প্রত্যাবর্তনে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো)।
৩। সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট (জেলা ম্যাজিস্ট্রেট মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিসার ইনচার্জ, জালালাবাদ থানা, এসএমপি এবং জৈন্তাপুর থানা, সিলেট।
৫। এডভোকেট জনাব মোঃ মোরশেদ মিয়া (মিজান), জজকোর্ট, সিলেট।

১৮-০৮-২০২৬
পিংকি সাহা
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট